বিষয় : পাটগ্রাম উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ মাসিক সাধারন সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব মোঃ নুরুল ইসলাম
প্রশাসক, উপজেলা পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।
সভার তারিখ : ৩০/০১/২০২৫ খ্রিঃ
সভার স্থানঃ : শহীদ আফজাল মিলনায়তন, পাটগ্রাম, লালমনিরহাট।
সময় : বেলা -১১.০০ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' এবং উপস্থিত সরকারি বিভাগের প্রধানের তালিকা পরিশিষ্ট 'খ'তে দেখানো হলো।

সভার প্রারম্ভে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরবর্তীতে সভায় নিম্নবর্নিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রমিক | সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী/২৪-২৫ আওতায় বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ, বিভিন্ন সরকারি দপ্তরসমূহ হতে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব সমূহ উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে আজকের সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান সকলের মতামতের প্রেক্ষিতে প্রয়োজনীয় সংশোধন করতঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচী/২৪-২৫ তালিকা চুড়ান্ত করা যেতে পারে। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ সীমানা প্রাচীর ও প্রধান প্রবেশ গেট নির্মানের জন্য পৃথক ভাবে ০৩টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে সীমানা প্রাচীর সামনের অংশ ( ৯০ মিটার-১৩,০৫,৫১৩/-টাকা), সীমানা প্রাচীর পিছনের অংশ ( ৪০৩ মিটার- ৪২,৮১,৩১৭/- টাকা), প্রধান প্রবেশ গেট (২৪,২৮,০২৬/- টাকা) প্রস্তুতকৃত প্রাক্কলন সমূহ সভায় উপস্থাপন করেন । বিভিন্ন বিদ্যালয়, বিভিন্ন গ্রামীন সড়কসমূহ পাকাকরণসহ, রাস্তা,ব্রীজ, বিভিন্ন অবকাঠামো উন্নয়ন কার্যক্রম চলমান। অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | উপস্থাপিত বিষয়সমূহে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভা হতে প্রাপ্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচী/২৪-২৫ উন্নয়ন প্রকল্প তালিকা সকলেই পুনঃযাচাই ও বিস্তারিত আলোচনা করে সর্বসম্মতিক্রমে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। বার্ষিক উন্নয়ন কর্মসূচী/২৪-২৫ উন্নয়ন প্রকল্প সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশীকে অনুরোধ জানানো হয়।<br>উপজেলা পরিষদ সীমানা প্রাচীর ও প্রধান প্রবেশ গেট নির্মানের জন্য পৃথক ভাবে প্রস্তুতকৃত ০৩টি প্রাক্কলন সীমানা প্রাচীর সামনের অংশ ( ৯০ মিটার-১৩,০৫,৫১৩/-টাকা), সীমানা প্রাচীর পিছনের অংশ ( ৪০৩ মিটার- ৪২,৮১,৩১৭/- টাকা), প্রধান প্রবেশ গেট (২৪,২৮,০২৬/- টাকা) বিস্তারিত আলোচনা ও যাচাই-বাছাইন্তে উপজেলার পরিষদের রাজস্ব তহবিলের স্থিতি সাপেক্ষে পর্যায়ক্রমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত । সীমানা প্রাচীর ও প্রবেশ গেট নির্মানের জন্য প্রয়োজনীয় অনুমোদন গ্রহণের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো । বিভিন্ন রাস্তাসহ চলমান অবকাঠামো উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য তদারকি জোরদার করার অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকৌশলী, ইউপি চেয়ারম্যান (সকল) সংশ্লিষ্ট সকল পাটগ্রাম,লালমনিরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অন্তবিভাগ, বহিঃবিভাগ ও জরুরী বিভাগে সার্বক্ষনিক সেবা প্রদান অব্যাহত রয়েছে। এছাড়াও ইউনিয়ন স্বাস্থ্য উপকেন্দ্র, কমিউনিটি ক্লিনিক সেবা চালু রয়েছে। তিনি সভায় আরো জানান যে, পাটগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এ্যাম্বুলেন্সটি অনেক পুরাতন হওয়ায় সেটি প্রায়ই সময়ই নষ্ট হয়ে যায়, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে রংপুর মেডিকেল কলেজ প্রায় ৯০ কিঃমিঃ দুরে হওয়ায় জটিল ও জরুরী বিভিন্ন রোগী পরিবহনে প্রায়শই জটিলতা সৃষ্টিসহ স্বাস্থ্যসেবা প্রদান বাধাগ্রস্থ হয়। ইতিপুর্বে স্থানীয় কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রেক্ষিতে দহগ্রাম হাসপাতালের জন্য বরাদ্দকৃত এ্যাম্বুলেন্সটি পাটগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে চলাচল করে জরুরী রোগীদের স্বাস্থ্যসেবা প্রদান করে আসছিলো। সাম্প্রতিক সময়ে দহগ্রামের জনসাধারন সেখানকার এ্যাম্বুলেন্সটি দহগ্রাম হতে চলাচলের দাবিতে সেখানে নিয়ে যায়, কিন্তু দহগ্রাম হাসপাতালে পর্যাপ্ত রোগী না থাকায় এবং ঐ এ্যাম্বুলেন্সের অনুকুলে সরকারি ড্রাইভার নিয়োগ না থাকাতে এ্যাম্বুলেন্সটি দহগ্রাম হাসপাতাল হতে চলাচল না করে পড়ে আছে । ফলে এ্যাম্বুলেন্সটি দ্রুত বিকল হওয়ার আশংকা রয়েছে। এমতাবস্থায় দহগ্রাম হাসপাতালের এ্যাম্বুলেন্সটি পুনরায় স্থানীয়ভাবে ড্রাইভার ব্যবস্থা করে পাটগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে পরিচালনা করা হলে সমগ্র উপজেলার রোগীদের জরুরী স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব হতো। | উপস্থাপিত বিষয়সমূহে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। সার্বিক বিষয় বিবেচনায় সমগ্র পাটগ্রাম উপজেলার রোগীদের জরুরী স্বাস্থ্য সেবা নিশ্চিত করনের লক্ষ্যে দহগ্রাম হাসপাতালের জন্য বরাদ্দকৃত এ্যাম্বুলেন্সটি পাটগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে চলাচল করে স্বাস্থ্যসেবা প্রদানের ব্যাপারে সকলেই একমত প্রকাশ করেন। সমগ্র উপজেলার জরুরী রোগীদের স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করনের লক্ষ্যে দহগ্রাম হাসপাতালের এ্যাম্বুলেন্সটি স্থানীয়ভাবে ড্রাইভার নিয়োগের মাধ্যমে পাটগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কে অনুরোধ জানানো হলো। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সকল বিভাগে সেবার প্রদান সুষ্ঠুভাবে প্রদানের অনুরোধ জানানো হয়। দৈনিক সরবরাহকৃত ঔষধের তালিকা টাঙানো নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প... পরিকল্পনা অফিসা...<br>ইউপি চেয়ারম্যান (স...<br>পাটগ্রাম,লালমনিরহাট |
| ০৩ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ<br>(ত্রাণ শাখা) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, শীতার্তদের মাঝে বিতরণের জন্য শীতবস্ত্র বরাদ্দ পাওয়া গেছে। নীতিমালার আলোকে বিতরন কার্যক্রম চলমান রয়েছে। টিআর /কাবিখা/ কাবিটা প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে, নীতিমালার প্রকল্প তালিকা ও প্রকল্প কমিটি দাখিলের জন্য ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ বিভাজন করা হয়েছে। এইচবিবি রাস্তার কাজের টেন্ডার লটারী সম্পন্ন হয়েছে। প্রয়োজনীয় অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের চলমান প্রকল্প সমূহসহ কার্যক্রম গুনগতমান নিশ্চিত করে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। প্রাকৃতিক দূযোর্গকালীন ক্ষয়ক্ষতির তথ্যাদি তাৎক্ষনিকভাবে অবহিত করনের জন্য সকলকে অনুরোধ করা হল। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান (সকল)<br>পাটগ্রাম, লালমনিরহাট। |
| ০৪ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, সরকারি নির্দেশনা মোতাবেক প্রাথমিক পর্যায়ের বিদ্যালয় সমূহে পাঠদান চলমান। বিদ্যালয় সমূহে উপবৃত্তির বকেয়া প্রদান সম্পন্ন হয়েছে। পাঠদান ও দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার মান্নোয়নে সংশ্লিষ্ট সকলের পরিদর্শন ও সহযোগিতা কামনা করেন। | বিদ্যালয়ের সমূহের বিভিন্ন সমস্যা সমাধানে সংশ্লিষ্ট সকলকে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন ও তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৫ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চুক্তিবদ্ধ মিলের সংখ্যা ৬০টি। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ০৬ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় বলেন, কৃষি চাষাবাদে উৎপাদন বৃদ্ধি, পুষ্টি বাগান স্থাপনসহ কৃষি ক্ষেত্রে উন্নয়নের জন্য কৃষি সম্প্রসারণ বিভাগ কাজ করে যাচ্ছে। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। কারেন্ট পোকা দমন ও বিভিন্ন রোগবালাই সম্পর্কে সচেতনতা বৃদ্ধিসহ কৃষি সম্প্রসারণে তাঁর দপ্তর সচেষ্ট রয়েছে। সার,বীজ | বীজ ও সারের গুনগত মান ও সরবরাহ সঠিক রাখাসহ কৃষিক্ষেত্রে চলমান সেবা/সহযোগিতা প্রদানে সর্বদা সচেষ্ট থাকার অনুরোধ জানানো হয়। সার/ডিজেল পাচার রোধ ও কৃষি বিভাগের সকল কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ | উপজেলা কৃষি অফিসার।<br>ইউপি চেয়ারম্যান (সকল)<br>(সংশ্লিষ্ট সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিক্রীর ক্ষেত্রে সঠিক দাম,মান ও মেয়াদকাল নিশ্চিত করতে বাজার মনিটরিং ও মোবাইল কোর্ট কার্যক্রম চলমান। সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | জানানো হয়। | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, বিদ্যালয় সমূহে পাঠদান মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয় সমূহ পরিদর্শনসহ অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত পাঠদান নিশ্চিত করার বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষকদের কার্যক্রম তদারকির জন্য অনুরোধ জানানো হয়। সংশ্লিষ্ট সকলকে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন ও তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। (সংশ্লিষ্ট সকল) |
| ০৮ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ২৪-২৫ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ৬ষ্ঠ পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। ওয়াশব্লক নির্মাণসহ তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। নলকূপ স্থাপনের স্থান তালিকা ও সহ সকলকাজে সহযোগিতার অনুরোধ জানান। | ২৪-২৫ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ৬ষ্ঠ পর্যায়ের আওতাধীন উপকারভোগীদের নলকূপ স্থাপনের উপকারভোগীর তালিকা প্রনয়ন কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৯ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, নতুন অর্থবছরে এখনো ভিডব্লিউডি খাদ্যশস্য বরাদ্দ আসেনি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হবে। যৌতুক ও বাল্যবিবাহ বিষয়ে সচেতনতা, কিশোরী ক্লাব, ক্ষুদ্রঋণ ও অন্যান্য কার্যক্রম চলমান সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | চলমান কার্যক্রম সমূহ বাস্তবায়নের জন্য সকলকে সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়। তাঁর বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। ইউপি চেয়ারম্যান (সকল) পাটগ্রাম,লালমনিরহাট। |
| ১০ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন যে, এলডিডিপি সহ অন্যান্য প্রকল্পের কাজ চলমান রয়েছে। পিপিআর রোধে টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, সার্বিক বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে তাঁর বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। পিপিআর /ক্ষুরা রোগসহ গবাদিপশুর ভ্যাকসিন সংগ্রহ/সরবরাহ করার উদ্যোগ গ্রহণের অনুরোধ জানানো হয়। প্রানী সম্পদ দপ্তর হতে বাস্তবায়িত সকল কার্যক্রমে সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১১ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, সকল ইউনিয়নে মৎস্য সম্প্রসারণ কার্যক্রম চলমান রয়েছে। কারেন্ট জালের ব্যবহার/ নদীতে আড় প্রদান বন্ধে অভিযান চলমান রয়েছে। বিল নার্সারী স্থাপনের কার্যক্রম চলমান। বিভিন্ন অভয়াশ্রম সংরক্ষণে সহযোগিতা কামনা করেন। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | মৎস্য সম্পদ রক্ষা ও বৃদ্ধির লক্ষ্যে মৎস্য দপ্তরের সকল কাজে এবং বিভিন্ন মৎস্য অভয়াশ্রম সংরক্ষণে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হলো। তাঁর বিভাগের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা পাটগ্রাম,লালমনিরহাট। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে,অত্র উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ৫০৪৫৩ জন মোট পদ্ধতিগ্রহন কারী ৪১৩২২ জন । এ মাসে বন্ধ্যাকরন ৩২ জন, খাওয়ার বড়ি ১০৬৩৬ চক্র, কনডম ৫১৯৯ পিস,ইনজেকশন টেবল (ভায়াল) ২০৭৯ টি ও আইইউডি ০৯ জন, ইমপ্ল্যান্ট ০৬ জন প্রদান করা হয়েছে। মোট গর্ভবতী সেবা ১১৫৭ জন, শিশু সেবা ১৪৭৬ জন এবং পদ্ধতি গ্রহনকারীর হার ৮১.৯০%। এছাড়াও আরডিআরএস বাংলাদেশ-এর সহযোগিতায় ০৩টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে নরমাল ডেলিভারী সেবা প্রদান চলমান রয়েছে। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তাঁর বিভাগীয় কার্যক্রম আরও বাড়াতে বলা হয় এবং মাঠকর্মীদের নিয়মিত মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য বলা হইল। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বিভিন্ন ভাতাভোগীদের ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ভাতাভোগীদের অনলাইন/এমআইএস বিভিন্ন সমস্যা সমাধান ও লাইভ ভেরিফিকেশন কাজে সমাজসেবা দপ্তর সচেষ্ট রয়েছে। তাঁর বিভাগের কার্যক্রম যথারিতী চলছে। | বিভিন্ন ভাতা ভোগীদের তালিকা প্রণয়ন, অনলাইনে ডাটা এন্ট্রিসহ তাঁর দপ্তরের সকল কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। অন্যান্য কার্যক্রম স্বচ্ছতার সাথে সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বলা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি সমূহ নিয়মিত/সচল করার জন্য এবং গাভীপালন প্রকল্পের ঋণ আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তাঁর কার্যালয়ের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | তাঁর বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। কার্যক্রম সমূহ বাস্তবায়নে সকলের সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো । | উপজেলা সমবায় [illegible]<br>ইউপি চেয়ারম্যান<br>(সকল)<br>সংশ্লিষ্ট সকল |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ৪৭০ টি সমিতিতে ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান। দলগঠন কার্যক্রম চলমান রয়েছে। সকলের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | পল্লী উন্নয়ন বোর্ড-এর বিভিন্ন কার্যক্রমে সকলকে সহযোগিতার অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৬ | নির্বাহী প্রকৌশলী<br>( বিক্রয় ও বিতরন বিভাগ)<br>নেসকো লিঃ | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), সরকারি নির্দেশনার আলোকে সকলকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য অনুরোধ জানান। বুড়িমারী ইউনিয়নে সাব-স্টেশন স্থাপন কাজ প্রক্রিয়াধীন রয়েছে। সরবরাহ ও ভোল্টেজ উন্নয়নের কাজ চলমান রয়েছে। বকেয়া বিল পরিশোধ ও অবৈধ ব্যবহার রোধে ডিজিটাল মিটার স্থাপনের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনান্তে সার্বক্ষনিক বিদ্যুৎ ব্যবস্থা উন্নত রাখতে সচেষ্ট থাকার অনুরোধ করা হলো। বিদ্যুতের অবৈধ ব্যবহার রোধে সচেতনতা তৈরী সহ, বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ ও তাঁর বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে সকলকে সহযোগিতার জন্য অনুরোধ করা হলো। | নির্বাহী প্রকৌশলী<br>নেসকো<br>( বিক্রয় ও বিতরন বিভাগ)<br>ইউপি চেয়ারম্যান<br>(সকল) |
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, এছাড়াও বিভিন্ন প্রশিক্ষণ সহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপস্থাপিত বিষয়ে বিস্তারিত তাঁর বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো বিভিন্ন কার্যক্রমে সকলকে সহযোগিতার অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>পাটগ্রাম, লালমনিরহাট। |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চলমান করোনা মহামারীর কারনে বিভিন্ন প্রশিক্ষন কোর্স বন্ধ রয়েছে। বিভিন্ন ঋন বিতরণ ও আদায় কার্যক্রম স্থবির হয়ে আছে। | এলাকার যুবকদের উন্নয়নে সকল ধরনের কার্যক্রম সুষ্ঠু ও গতিশীলভাবে পরিচালনার জন্য বলা হইল। সভায় নিয়মিত উপস্থিত না থাকায় অসন্তোষ প্রকাশ করা হয়। তাঁর বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার।<br>পাটগ্রাম,লালমনিরহাট। |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক/ আমার বাড়ি আমার খামার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে দলগঠন ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান। সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | পল্লী সঞ্চয় ব্যাংক/আমার বাড়ী আমার খামার প্রকল্পের সকল কার্যক্রমে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক/ আমার বাড়ি আমার খামার সকল ।সংশ্লিষ্ট সকল। |
| ২০ | তথ্য আপা:<br>তথ্যকেন্দ্র, পাটগ্রাম | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, সভায় জানান গত মাসে বিভিন্ন ইউনিয়নে উঠান বৈঠক সম্পন্ন হয়েছে। এছাড়াও ডোর টু ডোর সেবা প্রদান ও তথ্যকেন্দ্রে সেবা প্রদান চলমান রয়েছে। | উঠান বৈঠক, ডোর টু ডোর সেবা প্রদান ও তথ্যকেন্দ্রে সেবা প্রদানসহ চলমান কার্যক্রম সমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নে ইউপি চেয়ারম্যান সহ সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকতা,<br>পাটগ্রাম, লালমনিরহাট। |
| ২১ | বিবিধ- | উপজেলা নির্বাহী আফিসার সভায় জানান যে, সাম্প্রতিক সময়ে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা পাটগ্রাম উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জুলাই বিপ্লবের খন্ডচিত্র/আলোকচিত্র প্রদর্শনীর উদ্যোগ গ্রহণ করেছেন। উক্ত কার্যক্রম লিফলেট,পোস্টার ও প্রদর্শনী বাস্তবায়নের জন্য ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ টাকা) আর্থিক সহযোগিতার আবেদন করেছেন। এবং কয়েকজন শিক্ষার্থী উচ্চ শিক্ষায় বিশ্ববিদ্যালয়ে ভর্তির/চিকিৎসার জন্য আর্থিক সহযোগিতার আবেদন করেছেন। এ বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। | উপস্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সাম্প্রতিক সময়ের বিষয়ে গুরুত্বারোপ করে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীদের পাটগ্রাম উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জুলাই বিপ্লবের খন্ডচিত্র/আলোকচিত্র প্রদর্শনীর উদ্যোগকে স্বাগত জানানো হয়। জনগুরুত্ব বিবেচনা করে জরুরী ভিত্তিতে উক্ত কার্যক্রম লিফলেট,পোস্টার ও প্রদর্শনী বাস্তবায়নের জন্য ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ টাকা) এবং কয়েকজন শিক্ষার্থী উচ্চ শিক্ষায় বিশ্ববিদ্যালয়ে ভর্তির/চিকিৎসার জন্য আর্থিক সহযোগিতার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>পাটগ্রাম, লালমনিরহাট। |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ-০১ | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ বলেন , সরকারি স্বার্থ রক্ষাসহ সরকারি নির্দেশনা বাস্তবায়ন ও সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের সকলের সহযোগিতা কামনা করেন। সুন্দর ও পরিচ্ছন্ন পাটগ্রাম বির্নিমানের উদ্যোগে সকলকে সম্পৃক্ত হওয়ার অনুরোধ জানান। তিনি আরো জানান যে, উন্নয়নের অগ্রযাত্রা এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সরকারে নির্দেশনা পালনে ঐক্যবদ্ধ প্রচেষ্টা অব্যাহত থাকবে। সম্মিলিত উদ্যোগ ও সার্বিক দায়িত্ব পালনে সর্বদা সচেষ্ট থাকবেন। | উপস্থাপিত বিষয়ে সকলেই মতামত প্রকাশ করেন। সরকারি দপ্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণ এবং উপজেলার দাপ্তরিক শৃংখলা ও কাজের গতি বাড়ানো এবং জনসাধারন সেবা প্রাপ্তিতে সহজ করার জন্য সকলকে আন্তরিক অনুরোধ জানান। অতিরিক্ত দায়িত্বপালনকারী কর্মকর্তাগণকে সাপ্তাহিক নির্দিষ্ট দিন নির্ধারণ করে দায়িত্বপালন করতে সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। | সকল সরকারি অফিস প্রধান। পাটগ্রাম,লালমনিরহাট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ নুরুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
পাটগ্রাম,লালমনিরহাট।
তারিখ- ৩০/০১/২০২৫ খ্রিঃ

স্মারক নং - উঃপরিঃ/পাট/লাল/২০২৫/ ১৬২
অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৩। জেলা........................................... কর্মকর্তা, লালমনিরহাট।
৪। প্রশাসক, পাটগ্রাম পৌরসভা, পাটগ্রাম,লালমনিরহাট।
৫। চেয়ারম্যান------------------------------ ইউপি, পাটগ্রাম।
৬। উপজেলা ............................................................ কর্মকর্তা,পাটগ্রাম,লালমনিরহাট।
৭। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
পাটগ্রাম,লালমনিরহাট।